

কানক কলি, তৃতীয় ২৩, ২০২২, পৃষ্ঠা - ১৮,
স্কুলিলাঙ্গন - ৭৭৮, ঢাকা ১০০০

East West University
Library

শেষ হলো ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে প্রযুক্তি উৎসব

টেক প্রতিদিন ডেক্স ►

ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়ে গেল চার দিনব্যাপী প্রযুক্তি উৎসব। গত ২৫ জুন শুরু হওয়া এ উৎসব ২০টি বিশ্ববিদ্যালয়ের এক হাজার ২০০ শিক্ষার্থী তাঁশগ্রহণ করেন। এ উৎসবের আয়োজন করে বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রনিক্স ক্লাব। গতকাল উৎসবের শেষ দিনে অনুষ্ঠিত হয়েছে প্রজেক্ট প্রদর্শনী ও কাইজ প্রতিযোগিতা। প্রজেক্ট প্রদর্শনীতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১০ মোট ২৮টি প্রকল্প প্রদর্শন করা হয়। বুয়েটের সিএসসি বিভাগের শিক্ষার্থীরা প্রদর্শন করেন ডিজিটাল টেক্সপারেচার মিটার অ্যান্ড ফ্যান অটোমেশন' প্রকল্পটি। প্রকল্পের উভাবকদের মধ্যে সুবীর সাহা বলেন, 'দেশের বিদ্যুৎ অপচয় রোধে আমাদের এই প্রকল্প কাজ করবে। এই প্রকল্পের মাধ্যমে তাপমাত্রা অনুযায়ী ফ্যানের গতি কমবেশি হবে। এই প্রকল্পের সবচেয়ে আকর্ষণীয় দিক হলো ঘরের মধ্যে যদি কোনো লোক না থাকে, তবে ফ্যান নিজেই বক্স হয়ে যাবে। ফলে বিদ্যুতের অনেক অপচয় রোধ করা যাবে।'

ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের এরিক, তোহিদুল ইসলাম ও তাহলা প্রদর্শন করেছে 'রেইন টাইম অটোমেটিক উইন্ডো ক্লোজার'। তাঁরা জানান, এই প্রকল্পের মাধ্যমে বৃষ্টি হয়ে



নিজেদের তৈরি প্রজেক্ট প্রদর্শন করছেন শিক্ষার্থীরা। স্বয়ংক্রিয়ভাবে জানালা বক্স হয়ে যাবে। ফলে বাইরে বের হওয়ার সময় যদি ভুলে জানালা বক্স করতে ভুলে যান, তাহলে বৃষ্টি শুরু হওয়া স্থানে স্বয়ংক্রিয়ভাবে জানালা বক্স হয়ে যাবে। আয়োজক ইষ্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ইলেকট্রনিক্স ক্লাবের সভাপতি ফাহমিদুর রহমান তানি বলেন, 'এবারের এ উৎসবে আমরা বেশ ভালো সাড়া পেয়েছি। আমাদের ক্লাবের পক্ষ থেকে প্রতিবছর এই উৎসব আয়োজন করতে চাই।' //